# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. ২. ১. যিহোশূয়ের পক্ষে গিবিয়োনে সদাপ্রভুর মহাসংহার

“তখন সদাপ্রভু যিহোশূয়কে কহিলেন, তুমি তাহাদিগকে ভয় করিও না; কেননা আমি তোমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিয়াছি, তাহাদের কেহ তোমার সম্মুখে দাঁড়াইতে পারিবে না। ... আর ইস্রায়েলের সম্মুখ হইতে পলায়নকালে যখন তাহারা বৈৎ-হেরোণের আরোহণ-পথে ছিল তখন অসেকা পর্যন্ত আকাশ হইতে তাহাদের উপরে মহাশিলা বর্ষাইলেন, তাহাতে তাহারা মারা পড়িল; ইস্রায়েল সন্তানগণ যাহাদিগকে খগড় দ্বারা বধ করিল, তদপেক্ষা অধিক লোক শিলাপাতে মরিল।” (যিহোশূয় ১০/৮-১১) মো.-০৬: “বনি-ইসরাইলদের সামনে থেকে তারা যখন বৈৎ-হোরোণ ছেড়ে অসেকায় নেমে আসবার পথ ধরে পালিয়ে যাচ্ছিল তখন মাবুদ আসমান থেকে বড় বড় শিলা তাদের উপরে ফেললেন। ফলে বনি-ইসরাইলদের সঙ্গে যুদ্ধে যত না লোক মরল তার চেয়ে বেশি মরল এই শিলাতে।”

এ হল বাইবেলীয় ঈশ্বরের যুদ্ধনীতি। পৃথিবীর সকল সভ্য দেশেই পলায়নরত অপরাধীকে হত্যা করা নিষেধ। তবে বাইবেলের ঈশ্বর পলায়নরত শত্রু সৈন্য, অযোদ্ধা নারী, পুরুষ ও শিশু সকলকে হত্যা করলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14538

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন